বাংলাদেশ বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ
সদর দপ্তর, কুর্মিটোলা, ঢাকা-১২২৯।
পরিচালক (এয়ার ট্রাফিক ম্যানেজমেন্ট-এটিএম) এর দপ্তর
www.caab.gov.bd

**স্মারক নম্বর:** ৩০.৩১.০০০০.০০০.১৪৪.০২.০০১৭.২৫.৯

তারিখ: ১০ চৈত্র ১৪৩২ বঙ্গাব্দ
২৪ মার্চ ২০২৬ খ্রিস্টাব্দ

**বিষয়: ইস্যুকৃত উচ্চতার ছাড়পত্র বাতিলকরণ প্রসঙ্গে।**

সূত্র: (ক) বেবিচকের ২৪/০৩/২০২৪ খ্রিঃ তারিখের স্মারক নং- SN: HC224031418978.
(খ) বেবিচকের ১২/০১/২০২৬ খ্রিঃ তারিখের স্মারক নং- SN: HC225121424962.
(গ) বেবিচকের ০১/০১/২০২৬ খ্রিঃ তারিখের স্মারক নং- SN: HC225121662265.

উপরোক্ত বিষয়ে সূত্রোস্থ পত্রের আলোকে জানানো যাচ্ছে যে, র‍্যাংগস প্রপার্টিজ লিমিটেড এর পক্ষে ব্যবস্থাপনা পরিচালক রোমো রউফ চৌধুরী এর আবেদনের প্রেক্ষিতে ভবন নির্মাণের জন্য প্রস্তাবিত জমির/প্লটের তফসিল - মৌজা: জোয়ার সাহারা-৩, সি. এস/এস. এ দাগ নম্বর: ১৪১৯, ১৪২০, আর. এস. দাগ নম্বর: ৫৭৫৮, ৫৭৫৯, বি. এস/বি. আর. এস/সিটি/এম. এস জরিপ: ৫৮৩০৫/৫৮৩০৯, ৫৮৩০৫/৫৮৩১০, ক্যান্টনমেন্ট, ঢাকা এর অনুকূলে সূত্রোস্থ পত্র সমূহের মাধ্যমে আবেদনকারী তিনটি উচ্চতার ছাড়পত্র গ্রহণ করেছেন।
আবেদনকারী কর্তৃক একই তফসিলের অনুকূলে ভিন্ন ভিন্ন ভৌগোলিক স্থানাঙ্ক সরবরাহ পূর্বক ছাড়পত্র গ্রহণের বিষয়টি বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষের নজরে আসলে কর্তৃপক্ষের প্রতিনিধি দল সরেজমিনে পরিদর্শন করে বিষয়টির সত্যতা পায়।

এমতাবস্থায়, সূত্র (ক), (খ), (গ) এর মাধ্যমে ইস্যুকৃত উচ্চতার ছাড়পত্র তিনটি এতৎদ্বারা বাতিল করা হলো।

উক্ত তফসিলে জমির মালিক উচ্চতার ছাড়পত্র গ্রহণ করতে চাইলে প্রস্তাবিত জমির/প্লটের অবস্থান নির্দিষ্টকরণ পূর্বক সঠিক ভৌগোলিক স্থানাঙ্ক প্রদান করত: অত্র কর্তৃপক্ষ বরাবর পুনরায় আবেদন করার নির্দেশনা প্রদান করা হলো। সে ক্ষেত্রে প্রয়োজনবোধে বাংলাদেশ জরিপ অধিদপ্তর এর সহায়তা গ্রহণ করা যেতে পারে বলে অনুমেয়।

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণের নিমিত্ত প্রেরণ করা হলো।

২৪-০৩-২০২৬
এয়ার কমডোর মোঃ নূর- ই- আলম এ এফ
ডব্লিউ সি, পি এস সি, এটিসি
সদস্য(এটিএম)

**বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১। চেয়ারম্যান, চেয়ারম্যান-এর দপ্তর, রাজধানী উন্নয়ন কর্তৃপক্ষ এবং

২। জনাব রোমো রউফ চৌধুরী, ব্যবস্থাপনা পরিচালক, র‍্যাংগস প্রপার্টিজ লিমিটেড, ১১৭/এ, র‍্যাংগস ভবন, পুরাতন বিমানবন্দর রোড, বিজয় সরণী, তেজগাঁও, ঢাকা-১২১৫।


**স্মারক নম্বর:** ৩০.৩১.০০০০.০০০.১৪৪.০২.০০১৭.২৫.৯/১ (২)

তারিখ: ১০ চৈত্র ১৪৩২ বঙ্গাব্দ
২৪ মার্চ ২০২৬ খ্রিস্টাব্দ

**সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১। সিনিয়র সিস্টেমস এনালিস্ট, ইনফরমেশন টেকনোলজি (আইটি) বিভাগ, বাংলাদেশ বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ ( কর্তৃপক্ষের ওয়েবসাইট হতে সরানোর অনুরোধ করা হলো) এবং

২। পিএস টু চেয়ারম্যান, চেয়ারম্যানের দপ্তর, বাংলাদেশ বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ।



২৪-০৩-২০২৬
এয়ার কমডোর মোঃ নূর- ই- আলম এ এফ ডব্লিউ সি, পি এস সি, এটিসি
সদস্য(এটিএম)

**বাংলাদেশ বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ**
সদর দপ্তর, কুর্মিটোলা, ঢাকা-১২২৯
www.caab.gov.bd
সদস্য (এটিএম) এর দপ্তর

SN: HC225121424962

তারিখ : ১২ জানুয়ারী ২০২৬
12 Jan 2026

**বিষয়ঃ স্থাপনা / ভবন নির্মাণে উচ্চতার ছাড়পত্র প্রসঙ্গে।**
সুত্রঃ নং-র‌্যাংগস প্রপার্টিজ লিমিটেড এর পক্ষে ব্যবস্থপনা পরিচালক রোমো রউফ চৌধুরী,আবেদন এর তারিখ- ১৭ ডিসেম্বর ২০২৫

উপর্যুক্ত বিষয়ে সূত্রোল্লিখিত পত্রের বরাতে (সংশ্লিষ্ট অন্যান্য সরকারী সংস্থা/বিভাগের অনাপত্তি সাপেক্ষে) প্রস্তাবিত স্থানে হযরত শাহ জালাল আর্ন্তজাতিক বিমানবন্দরের OLS এর আলোকে ANO (AD) A1 এবং ICAO Annex-14 এর নিয়ম অনুযায়ী নিম্নেবর্ণিত ছকে প্রদর্শিত সর্বোচ্চ প্রাপ্য উচ্চতা কর্তৃপক্ষ কর্তৃক অনুমোদিত হয়েছে।

| স্থাপনা / ভবন নির্মাণের প্রস্তাবিত স্থান / জমির তফসিল | হযরত শাহ্জালাল আন্তর্জাতিক বিমানবন্দর এরোড্রাম এলিভেশন হতে অনুমোদিত উচ্চতা |
|---|---|
| মৌজা: , সি,এস/এস, এ দাগ নম্বর: ১৪১৯, ১৪২০(অংশ), আর, এস দাগ নম্বর: ৫৭৫৮, ৫৭৫৯(অংশ), বি, এস/বি আর এস/সিটি/এমএস জরিপ: ৫৮৩০৫/৫৮৩০৯, ৫৮৩০৫/৫৮৩১০, ঢাকা।<br>ভৌগলিক স্থানাংক: ২৩ ডিগ্রী ৪৮ মিনিট ৪৪.০২সেকেন্ড ,৯০ ডিগ্রী ২৫ মিনিট ৩১.২৯সেকেন্ড | **১৪২ ফুট**<br>জমির পরিমাণ: ৪২.২৬ শতাংশ, স্থাপত্যের ধরণ: বাণিজ্যিক ভবন |

০২। স্থাপনা/ভবন নির্মাণে নির্মাণকারী ব্যক্তি/গোষ্ঠী/সংস্থা/প্রতিষ্ঠানকে নিম্নেবর্ণিত শর্ত সমূহ অবশ্যই পালন করতে হবে:
(ক) স্থাপনা/ভবনের সিঁড়িঘর, জলাধার, লিফট, এন্টেনা (যদি থাকে), খুঁটি, প্রতিবন্ধক বাতি ইত্যাদিসহ মোট উচ্চতা অনুমোদিত উচ্চতার মধ্যে সীমাবদ্ধ রাখতে হবে।
(খ) নির্মাণ কাজের জন্য ক্রেন বা তদজাতীয় কোন যন্ত্রপাতি ব্যবহার করলে সেগুলোও উক্ত উচ্চতার মধ্যে সীমিত রাখতে হবে।
(গ) স্থাপনা/ভবনের চুড়ায় (প্রযোজ্য ক্ষেত্রে) লাল প্রতিবন্ধক বাতি সূর্যাস্ত হতে সূর্যোদয় পর্যন্ত এবং খারাপ আবহাওয়ায় জ্বালিয়ে রাখতে হবে।
(ঘ) কোন মিথ্যা তথ্য প্রদান করে উচ্চতা ছাড়পত্র গ্রহণ করলে, প্রদত্ত উচ্চতার ছাড়পত্রটি বাতিল বলে গণ্য হবে।
(ঙ) প্রদত্ত উচ্চতার ছাড়পত্রের প্রাপ্য উচ্চতার অতিরিক্ত উচ্চতার স্থাপনা নির্মাণ করলে তার বিরুদ্ধে বাংলাদেশ বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ বিধি মোতাবেক আইনি ব্যবস্থা গ্রহণ করবে।
(চ) প্রস্তাবিত জমির মালিকানা বিষয়ে ভবিষ্যতে কোন আইনি জটিলতা তৈরী হলে উচ্চতার ছাড়পত্র বাতিল বলে গণ্য হবে।
০৩। হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দরের এরোড্রাম এলিভেশন (Mean Sea Level হতে উচ্চতা)-কে ভিত্তি বিবেচনায় উক্ত স্থানে অবকাঠামো নির্মাণের প্রাপ্য উচ্চতা নির্ধারণ করা হয়েছে।
০৪। রাজধানী উন্নয়ন কর্তৃপক্ষ/নকশা অনুমোদনকারী সংস্থা প্রস্তাবিত স্থানে উপরোক্ত শর্তাবলীর আলোকে অনুমোদিত উচ্চতার মধ্যে স্থাপনা/ভবন নির্মাণ সীমিত রাখা নিশ্চিত করতে হবে।
০৫। সিএএবি’র ওয়েবসাইট (www.caab.gov.bd)-এ প্রকাশিত অনুমোদিত উচ্চতার ছাড়পত্রটি যাচাই করণের জন্য রাজধানী উন্নয়ন কর্তৃপক্ষ/নকশা অনুমোদনকারী সংস্থাকে অনুরোধ করা যাচ্ছে।

আবেদনকারীর নাম: র‌্যাংগস প্রপার্টিজ লিমিটেড এর পক্ষে ব্যবস্থপনা পরিচালক রোমো রউফ চৌধুরী,
জমির মালিক এর নাম: র‌্যাংগস প্রপার্টিজ লিমিটেড এর পক্ষে ব্যবস্থপনা পরিচালক রোমো রউফ চৌধুরী

মোঃ শামসুল হক
পরিচালক (এটিএম)

**সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ:**
০১) পরিচালক (সিএনএস), পরিচালক (সিএনএস) এর দপ্তর, বাংলাদেশ বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ ( ওয়েব সাইট এ প্রকাশ এর জন্য)।
০২) চেয়ারম্যান, রাজধানী উন্নয়ন কর্তৃপক্ষ, রাজউক ভবন, ঢাকা।

মোঃ শামসুল হক
পরিচালক (এটিএম)

**বাংলাদেশ বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ**
সদর দপ্তর, কুর্মিটোলা, ঢাকা-১২২৯
www.caab.gov.bd
সদস্য (এটিএম) এর দপ্তর

SN: HC225121662265

তারিখ : ১ জানুয়ারী ২০২৬
01 Jan 2026

**বিষয়ঃ** **স্থাপনা / ভবন নির্মাণে উচ্চতার ছাড়পত্র প্রসঙ্গে।**
**সুত্রঃ** নং-র‌্যাংগ্স প্রপার্টিজ লিমিটেড এর পক্ষে ব্যবস্থাপনা পরিচালক জনাব রোমো রউফ চৌধুরী,আবেদন এর তারিখ- ১৪ ডিসেম্বর ২০২৫

উপর্যুক্ত বিষয়ে সূত্রোল্লিখিত পত্রের বরাতে (সংশ্লিষ্ট অন্যান্য সরকারী সংস্থা/বিভাগের অনাপত্তি সাপেক্ষে) প্রস্তাবিত স্থানে হযরত শাহ জালাল আর্ন্তজাতিক বিমানবন্দরের OLS এর আলোকে ANO (AD) A1 এবং ICAO Annex-14 এর নিয়ম অনুযায়ী নিম্নেবর্ণিত ছকে প্রদর্শিত সর্বোচ্চ প্রাপ্য উচ্চতা কর্তৃপক্ষ কর্তৃক অনুমোদিত হয়েছে।

| স্থাপনা / ভবন নির্মাণের প্রস্তাবিত স্থান / জমির তফসিল | হযরত শাহ্জালাল আন্তর্জাতিক বিমানবন্দর এরোড্রাম এলিভেশন হতে অনুমোদিত উচ্চতা |
|---|---|
| মৌজা: জোয়ার সাহারা -৩, সি,এস/এস, এ দাগ নম্বর: ১৪১৯, ১৪২০, আর, এস দাগ নম্বর: ৫৭৫৮, ৫৭৫৯, বি, এস/বি আর এস/সিটি/এমএস জরিপ: ৫৮৩০৫/৫৮৩০৯, ৫৮৩০৫/৫৮৩১০। ভৌগলিক স্থানাংক: ২৩ ডিগ্রী ৪৮ মিনিট ২৩.৬৩সেকেন্ড ,৯০ ডিগ্রী ২৬ মিনিট ১৮.৯২সেকেন্ড | **১৬৬ ফুট** জমির পরিমাণ: ৪২.২৬ শতাংশ, স্থাপত্যের ধরণ: বাণিজ্যিক ভবন |

০২। স্থাপনা/ভবন নির্মাণে নির্মাণকারী ব্যক্তি/গোষ্ঠী/সংস্থা/প্রতিষ্ঠানকে নিম্নেবর্ণিত শর্ত সমূহ অবশ্যই পালন করতে হবে:
(ক) স্থাপনা/ভবনের সিঁড়িঘর, জলাধার, লিফট, এন্টেনা (যদি থাকে), খুঁটি, প্রতিবন্ধক বাতি ইত্যাদিসহ মোট উচ্চতা অনুমোদিত উচ্চতার মধ্যে সীমাবদ্ধ রাখতে হবে।
(খ) নির্মাণ কাজের জন্য ক্রেন বা তদজাতীয় কোন যন্ত্রপাতি ব্যবহার করলে সেগুলোও উক্ত উচ্চতার মধ্যে সীমিত রাখতে হবে।
(গ) স্থাপনা/ভবনের চূড়ায় (প্রযোজ্য ক্ষেত্রে) লাল প্রতিবন্ধক বাতি সূর্যাস্ত হতে সূর্যোদয় পর্যন্ত এবং খারাপ আবহাওয়ায় জ্বালিয়ে রাখতে হবে।
(ঘ) কোন মিথ্যা তথ্য প্রদান করে উচ্চতা ছাড়পত্র গ্রহণ করলে, প্রদত্ত উচ্চতার ছাড়পত্রটি বাতিল বলে গণ্য হবে।
(ঙ) প্রদত্ত উচ্চতার ছাড়পত্রের প্রাপ্য উচ্চতার অতিরিক্ত উচ্চতার স্থাপনা নির্মাণ করলে তার বিরুদ্ধে বাংলাদেশ বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ বিধি মোতাবেক আইনি ব্যবস্থা গ্রহণ করবে।
(চ) প্রস্তাবিত জমির মালিকানা বিষয়ে ভবিষ্যতে কোন আইনি জটিলতা তৈরী হলে উচ্চতার ছাড়পত্র বাতিল বলে গণ্য হবে।
০৩। হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দরের এরোড্রাম এলিভেশন (Mean Sea Level হতে উচ্চতা)-কে ভিত্তি বিবেচনায় উক্ত স্থানে অবকাঠামো নির্মাণের প্রাপ্য উচ্চতা নির্ধারণ করা হয়েছে।
০৪। রাজধানী উন্নয়ন কর্তৃপক্ষ/নকশা অনুমোদনকারী সংস্থা প্রস্তাবিত স্থানে উপরোক্ত শর্তাবলীর আলোকে অনুমোদিত উচ্চতার মধ্যে স্থাপনা/ভবন নির্মাণ সীমিত রাখা নিশ্চিত করতে হবে।
০৫। সিএএবি'র ওয়েবসাইট (www.caab.gov.bd)-এ প্রকাশিত অনুমোদিত উচ্চতার ছাড়পত্রটি যাচাই করণের জন্য রাজধানী উন্নয়ন কর্তৃপক্ষ/নকশা অনুমোদনকারী সংস্থাকে অনুরোধ করা যাচ্ছে।

আবেদনকারীর নাম: র‌্যাংগ্স প্রপার্টিজ লিমিটেড এর পক্ষে ব্যবস্থাপনা পরিচালক জনাব রোমো রউফ চৌধুরী,
জমির মালিক এর নাম: র‌্যাংগ্স প্রপার্টিজ লিমিটেড এর পক্ষে ব্যবস্থাপনা পরিচালক জনাব রোমো রউফ চৌধুরী

SHoque
মোঃ শামসুল হক
পরিচালক (এটিএম)

**সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ:**
০১) পরিচালক (সিএনএস), পরিচালক (সিএনএস) এর দপ্তর, বাংলাদেশ বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ ( ওয়েব সাইট এ প্রকাশ এর জন্য)।
০২) চেয়ারম্যান, রাজধানী উন্নয়ন কর্তৃপক্ষ, রাজউক ভবন, ঢাকা।

SHoque
মোঃ শামসুল হক
পরিচালক (এটিএম)

**বাংলাদেশ বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ**
সদর দপ্তর, কুর্মিটোলা, ঢাকা-১২২৯
www.caab.gov.bd
সদস্য (এটিএম) এর দপ্তর

SN: HC224031418978

তারিখ : ২৪ মার্চ ২০২৪ / 24 Mar 2024

**বিষয়ঃ স্থাপনা / ভবন নির্মাণে উচ্চতার ছাড়পত্র প্রসঙ্গে।**
সূত্রঃ নং-র‍্যাংগস প্রপার্টিজ লিমিটিড এর পক্ষে ব্যবস্থাপনা পরিচালক রোমো রউফ চৌধুরী,আবেদন এর তারিখ- ০২ মার্চ ২০২৪

উপর্যুক্ত বিষয়ে সূত্রোল্লিখিত পত্রের বরাতে (সংশ্লিষ্ট অন্যান্য সরকারী সংস্থা/বিভাগের অনাপত্তি সাপেক্ষে) প্রস্তাবিত স্থানে হযরত শাহ জালাল আর্ন্তজাতিক বিমানবন্দরের OLS এর আলোকে ANO (AD) A1 এবং ICAO Annex-14 এর নিয়ম অনুযায়ী নিম্নেবর্ণিত ছকে প্রদর্শিত সর্বোচ্চ প্রাপ্য উচ্চতা কর্তৃপক্ষ কর্তৃক অনুমোদিত হয়েছে।

| স্থাপনা / ভবন নির্মাণের প্রস্তাবিত স্থান / জমির তফসিল | হযরত শাহ্জালাল আন্তর্জাতিক বিমানবন্দর এরোড্রাম এলিভেশন হতে অনুমোদিত উচ্চতা |
|---|---|
| মৌজা: জোয়ার সাহারা -৩, সি,এস/এস, এ দাগ নম্বর: ১৪১৯, ১৪২০, আর, এস দাগ নম্বর: ৫৭৫৮, ৫৭৫৯, বি, এস/বি আর এস/সিটি/এমএস জরিপ: ৫৮৩০৫/৫৮৩০৯, ৫৮৩০৫/৫৮৩১০, ক্যান্টনমেন্ট, ঢাকা।<br>ভৌগলিক স্থানাংক: ২৩ ডিগ্রী ৪৮ মিনিট ৪৪.৪১সেকেন্ড ,৯০ ডিগ্রী ২৫ মিনিট ৩১.২৬সেকেন্ড | **১৪১ ফুট**<br>জমির পরিমাণ: ৪২.২৬ শতাংশ, স্থাপত্যের ধরণ: বাণিজ্যিক ভবন |

০২। স্থাপনা/ভবন নির্মাণে নির্মাণকারী ব্যক্তি/গোষ্ঠী/সংস্থা/প্রতিষ্ঠানকে নিম্নেবর্ণিত শর্ত সমূহ অবশ্যই পালন করতে হবে:
(ক) স্থাপনা/ভবনের সিঁড়িঘর, জলাধার, লিফট, এন্টেনা (যদি থাকে), খুঁটি, প্রতিবন্ধক বাতি ইত্যাদিসহ মোট উচ্চতা অনুমোদিত উচ্চতার মধ্যে সীমাবদ্ধ রাখতে হবে।
(খ) নির্মাণ কাজের জন্য ক্রেন বা তদজাতীয় কোন যন্ত্রপাতি ব্যবহার করলে সেগুলোও উক্ত উচ্চতার মধ্যে সীমিত রাখতে হবে।
(গ) স্থাপনা/ভবনের চূড়ায় (প্রযোজ্য ক্ষেত্রে) লাল প্রতিবন্ধক বাতি সূর্যাস্ত হতে সূর্যোদয় পর্যন্ত এবং খারাপ আবহাওয়ায় জ্বালিয়ে রাখতে হবে।
(ঘ) কোন মিথ্যা তথ্য প্রদান করে উচ্চতা ছাড়পত্র গ্রহণ করলে, প্রদত্ত উচ্চতার ছাড়পত্রটি বাতিল বলে গণ্য হবে।
(ঙ) প্রদত্ত উচ্চতার ছাড়পত্রের প্রাপ্য উচ্চতার অতিরিক্ত উচ্চতার স্থাপনা নির্মাণ করলে তার বিরুদ্ধে বাংলাদেশ বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ বিধি মোতাবেক আইনি ব্যবস্থা গ্রহণ করবে।
(চ) প্রস্তাবিত জমির মালিকানা বিষয়ে ভবিষ্যতে কোন আইনি জটিলতা তৈরী হলে উচ্চতার ছাড়পত্র বাতিল বলে গণ্য হবে।
০৩। হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দরের এরোড্রাম এলিভেশন (Mean Sea Level হতে উচ্চতা)-কে ভিত্তি বিবেচনায় উক্ত স্থানে অবকাঠামো নির্মাণের প্রাপ্য উচ্চতা নির্ধারণ করা হয়েছে।
০৪। রাজধানী উন্নয়ন কর্তৃপক্ষ/নকশা অনুমোদনকারী সংস্থা প্রস্তাবিত স্থানে উপরোক্ত শর্তাবলীর আলোকে অনুমোদিত উচ্চতার মধ্যে স্থাপনা/ভবন নির্মাণ সীমিত রাখা নিশ্চিত করতে হবে।
০৫। সিএএবি'র ওয়েবসাইট (www.caab.gov.bd)-এ প্রকাশিত অনুমোদিত উচ্চতার ছাড়পত্রটি যাচাই করণের জন্য রাজধানী উন্নয়ন কর্তৃপক্ষ/নকশা অনুমোদনকারী সংস্থাকে অনুরোধ করা যাচ্ছে।

আবেদনকারীর নাম: র‍্যাংগস প্রপার্টিজ লিমিটিড এর পক্ষে ব্যবস্থাপনা পরিচালক রোমো রউফ চৌধুরী,
জমির মালিক এর নাম: র‍্যাংগস প্রপার্টিজ লিমিটিড এর পক্ষে ব্যবস্থাপনা পরিচালক রোমো রউফ চৌধুরী

Shoque
মোঃ শামসুল হক
পরিচালক (এটিএম)

**সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ:**
০১) পরিচালক (সিএনএস), পরিচালক (সিএনএস) এর দপ্তর, বাংলাদেশ বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ ( ওয়েব সাইট এ প্রকাশ এর জন্য)।
০২) চেয়ারম্যান, রাজধানী উন্নয়ন কর্তৃপক্ষ, রাজউক ভবন, ঢাকা।

Shoque
মোঃ শামসুল হক
পরিচালক (এটিএম)